



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

তারিখ: ২৮ মাঘ ১৪২৫
১১ ফেব্রুয়ারী ২০১৯

অফিস আদেশ

সমগ্র দেশব্যাপি স্কুল পর্যায় থেকে (সরকারি ও বেসরকারি) শিক্ষার্থীদের মধ্যে নৈতিক ও মানবিক গুণাবলিসমৃদ্ধ নেতৃত্ব বিকাশের জন্য নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে।

পদক্ষেপসমূহ :

ক) পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ :

পরিষ্কার-পরিচ্ছন্নতা গুণগত শিক্ষার অপরিহার্য অঙ্গ। বিদ্যালয়ে শিখন-শেখানো প্রক্রিয়ার ভিতর দিয়ে তাদের পরিষ্কার-পরিচ্ছন্নতার অভিজ্ঞতা ও দক্ষতা অর্জিত হওয়া প্রয়োজন। অতীব গুরুত্বপূর্ণ এই বিষয় বিবেচনায় রেখে বিদ্যালয়, বিদ্যালয়ের অঙ্গন ও ওয়াশরুমক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতি বৃহস্পতিবার শিক্ষার্থীরা এই পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিকল্পনা ও পরিচালনা করবে এবং শিক্ষকগণ উক্ত কাজে সহযোগিতা করবেন।

খ) ক্লাস ক্যাপ্টেন :

শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্বের গুণাবলি, সময় সচেতনতা, দায়িত্ববোধ ও পরিষ্কার-পরিচ্ছন্নতাবোধ তৈরি করার জন্য ক্যাপ্টেনদের ভূমিকা গুরুত্বপূর্ণ। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে লক্ষ করা যায় যে, ক্লাসে বার্ষিক পরীক্ষায় যারা ১ম, ২য় ও ৩য় স্থান অর্জন করে কেবল তাদেরকেই সারা বছরের জন্য ক্লাস ক্যাপ্টেন এর দায়িত্ব দেওয়া হয়। ফলে অধিকাংশ শিক্ষার্থীর মধ্যে নেতৃত্বের গুণাবলি বিকশিত হওয়ার সুযোগ সৃষ্টি হয় না। এখন থেকে অন্য শিক্ষার্থীর মধ্যে নেতৃত্বের গুণাবলি সৃষ্টির জন্য শিক্ষকের তত্ত্বাবধানে প্রতি ক্লাসে একই সঙ্গে ০৩/০৪ জন শিক্ষার্থী ক্লাস ক্যাপ্টেনের দায়িত্ব পাবে এবং প্রতি ০৩ (তিন) মাস অন্তর পর্যায়ক্রমে ক্লাস ক্যাপ্টেন পরিবর্তন করতে হবে।

গ) স্কুলে বিভিন্ন অনুষ্ঠান পরিচালনা :

শিক্ষার্থীদের ভাষার চর্চা, যোগাযোগ দক্ষতা, পরিকল্পনা প্রণয়ন ইত্যাদি দক্ষতা বৃদ্ধি ও আত্মবিশ্বাস সৃষ্টির জন্য তাদের দিয়ে অনুষ্ঠানসূচি ও পরিকল্পনা প্রণয়ন এবং ব্যবস্থাপনা কার্যক্রম সম্পন্ন করা প্রয়োজন। এই লক্ষ্য বাস্তবায়নের জন্য স্কুল পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন অনুষ্ঠান যেমন- বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ, মিলাদ, বিদায় অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা, পাঠ্যপুস্তক উৎসব, বিজয় দিবস, স্বাধীনতা দিবস, জাতীয় শিশু দিবস, জাতীয় শোক দিবস ও অন্যান্য জাতীয় দিবস ও অনুষ্ঠান পরিকল্পনা ও পরিচালনা এবং সঞ্চালন শিক্ষার্থীদের দিয়ে করাতে হবে এবং শিক্ষকগণ উক্ত কাজে সহযোগিতা করবেন।

স্বাক্ষরিত/

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)


মহাপরিচালক

স্মারক নং- ওএম-০৯-ম/২০১৫/ ৪৫০

তারিখ: ২৮ মাঘ, ১৪২৫
১১ ফেব্রুয়ারী ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়-সকল।
৩. জেলা শিক্ষা অফিসার-সকল। (পত্রটি অধীনস্থ সরকারি-বেসরকারি সকল বিদ্যালয়ে অবহিতকরণের অনুরোধসহ)
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-সকল।
৫. সভাপতি/অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা, স্কুল পর্যায় প্রতিষ্ঠানসমূহ।
৬. সংরক্ষণ নথি।


(মো: সবুজ আলম)

সহকারী পরিচালক (সেসিপ)

মাধ্যমিক উইং